Gmail

Ucaliptas <ucaliptas909@gmail.com>

কবিতা: কিছু কথা

1 message

Mohammad Sheikh Zohurul Islam <mszi065045@gmail.com>
To: ucaliptas909@gmail.com
Wed, Dec 31, 2025 at 4:24 PM

কিছু কথা
তাফিফ বিন জামিল

সময় চলে ধীরে ধীরে
থামে না রে কভু,
শ্রেষ্ঠ জীবন গড়তে হবে
তার ভেতরেই তবু।

তোর সামনে আসবে যাবে
শত শত বাঁধা,
এই বাঁধাতে দমে শুধু
মস্ত হাঁদার হাঁদা।

কেহ যদি পেছন থেকে
তোরে টেনে ধরে,
দ্বিগুণ তেজে এগিয়ে যা
পায়েতে ভর করে।

বাহাদুরি করিস না কেউ
পরের বাহুর জোরে,
পারিস যদি দেখা তবে
নিজে কিছু করে।

অতীতকে চল পায়ে ঠেলে
বর্তমানে হাঁটি,
নইলে সবই বৃথাই রে তোর
ভবিষ্যৎ তোর মাটি।

সময় বোঝে ভাই কর্ম শুধু
দেবে তাহার ফল,
কর্ম বিনা কেউ পায় নি কিছু
এই ধরণী তল।

পরের ভালো দেখে তোরা
কেহ পুড়িস না রে,
তার ভালোতে শিক্ষা নিয়ে
জগৎটা দে ভরে।

পরের ক্ষতি করতে গেলে
নিজের ক্ষতিই হবে,
পরের ক্ষতি করে কেহ
মহান হয় নি ভবে।

তোরা সবাই সূর্য হয়ে
ছড়িয়ে দে আলো,
জীবনটা কর ধন্য তোদের
পরকে বেসে ভালো।

রচনাকাল: ২২জ্যৈষ্ঠ ১৪৩২।